অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে ওনিডার জন্য রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন

আটটি ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প শহরের হাঁটার ও সাইকেল চালানোর উপযোগিতা বৃদ্ধি, ব্যবসায়িক ও আবাসন সুযোগ সম্প্রসারণ এবং জনগণের স্থান ও সুযোগ সুবিধা উন্নত করবে

প্রকল্পের রেন্ডারিংগুলো পাওয়া যাবেএখানে

গভর্নর হোকল আজকে 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে ওনিডা সিটির জন্য আটটি রূপান্তরকারী প্রকল্প ঘোষণা করলেন। এই অর্থ সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহাসিক সংস্থান ব্যবহার করে আরো আবাসন ও ব্যবসায়িক সুযোগ সৃষ্টি করবে।

"আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করে যা নিশ্চিত করে যাতে আমাদের স্থানীয় সম্প্রদায়গুলিতে আমাদের নিউ ইয়র্ক ব্যবসাসমূহ সমৃদ্ধি করে," **গভর্নর হোকল বলেন।** "এই অতি প্রয়োজনীয় অর্থনৈতিক বিকাশ তহবিল ওনিডা সিটিকে একটি অনন্য সুযোগ প্রদান করে ডাউনটাউন পুনর্জীবিত করার জন্য এবং এলাকায় নতুন অর্থনৈতিক বিনিয়োগ আকৃষ্ট করার জন্য। আমি সিটির অগ্রগতি দেখার জন্য এবং আমাদের স্থানীয় অর্থনৈতিক বিকাশ প্রচেষ্টা কর্মসংস্থান সৃষ্টি ও পুরো স্টেটের সম্প্রদায় রূপান্তরে কী প্রভাব রেখে যাচ্ছে তা দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

ওনিডা সিটি নির্মিত ও বিকশিত হয়েছিলো 1830-র দশকে নিউ ইয়র্ক স্টেটের ক্যানেল ব্যবস্থার (New York State Canal System) সম্প্রসারণকে কেন্দ্র করে এবং এখনো প্রবৃদ্ধি, পর্যটন ও জীবনযাত্রার মানের অনুঘটক হিসেবে এর ক্যানাল লেগেসির একটি উল্লেখযোগ্য অংশ হয়ে আছে। সিটির উচ্চ ঘনত্বের হাঁটার উপযোগী নে রয়েছে উল্লেখযোগ্য স্থাপত্য এবং ঐতিহাসিক সম্পদ যার উপরে এর পুনরুত্থান গঠিত হচ্ছে। ওনিডার পুনরুজ্জীবনের মূল উদ্দেশ্য এর পার্ক, জনগণের সুযোগ সুবিধা এবং স্ট্রিটস্কেপ অবকাঠামো উন্নত করা এবং নতুন মিশ্র ব্যবহারের স্থান তৈরি করা।

বিনিয়োগগুলি সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। DRI-এর নেতৃত্বে রয়েছে ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) যারা প্রতিটি অংশগ্রহণকারী কমিউনিটিকে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য একটি অনন্য রূপকল্প সামনে নিয়ে সুনির্দিষ্ট প্রকল্পগুলো শনাক্ত করে একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করার এই সময়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে।

DRI-র মাধ্যমে অর্থায়িত নির্দিষ্ট প্রকল্পসমূহ সম্প্রদায়ের কৌশলী বিনিয়োগ পরিকল্পনার একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন, শহরের হাঁটার ও সাইকেল চালানোর উপযোগিতা বৃদ্ধি, বিদ্যমান ভবনের পুনর্গঠন ও ভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক ও আবাসন সুযোগ সম্প্রসারণ এবং জনগণের স্থান ও সুযোগ সুবিধা উন্নত করা। DRI-র মাধ্যমে এইসব প্রকল্পে করা 9.7 মিলিয়ন মার্কিন ডলার পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর ও গতিবেগ বৃদ্ধির সাথে সাথে অতিরিক্ত সরকারি ও বেসরকারি বিনিয়োগ ব্যবহার করবে।

প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

হাঁটার ও সাইকেল চালানোর উপযোগিতা বৃদ্ধি

ডাউনটাউন অবকাঠামো ও স্ট্রিটস্কেপিং উন্নয়ন - DRI পুরস্কার: 1,521,000 মার্কিন ডলার
মেইন স্ট্রিট, ব্রড স্ট্রিট, ম্যাডিসন স্ট্রিট, ফ্যারিয়ার অ্যাভিনিউ এবং ভ্যান্ডারবিল্ট অ্যাভিনিউয়ের কিছু অংশে স্ট্রিটস্কেপ ও ফুটপাথের উন্নয়ন এবং স্কননডোয়া স্ট্রিটে বাইসাইকেল অবকাঠামো যোগ করা।

বিদ্যমান ভবনের পুনর্গঠন ও ভিন্ন উদ্দেশ্যে ব্যবহারের মাধ্যমে ব্যবসায়িক ও আবাসন সুযোগ সম্প্রসারণ

খালি হোটেল ওনিডা পুনঃকল্পনা করা - DRI পুরস্কার: 2,900,000 মার্কিন ডলার
একটি আইকনিক হোটেলের পুনর্বাসন করে ডাউনটাউনে একটি নতুন মিশ্র ব্যবহারের স্থান প্রদান যেখানে একাধিক অ্যাপার্টমেন্ট, একটি রেস্টুরেন্ট/পাব এবং একটি ব্যাঙ্কোয়েট স্থান থাকবে।

ডেভেরো ভবন পুনঃস্থাপন ও হালনাগাদকরণ - DRI পুরস্কার: 1,569,000 মার্কিন ডলার
ডেভেরো (Devereaux) ভবনকে পুনঃস্থাপন ও হালনাগাদ করে একটি মিশ্র ব্যবহারের আবাসিক, খুচরা বিক্রি ও বাণিজ্যিক স্থান হিসেবে পুনর্গঠন।

লারম্যান ভবনকে বাণিজ্যিক ও আবাসিক ব্যবহারের জন্য পুনর্গঠন - DRI পুরস্কার: 1,141,000 মার্কিন ডলার
একটি স্বল্প ব্যবহৃত ভবনের পুনর্গঠন করে তার সম্পূর্ণ 20,000 বর্গফুট ব্যবহার করা, যার মধ্যে থাকবে টাউনহাউজ ধাঁচের অ্যাপার্টমেন্ট ও বাণিজ্যিক স্থান তৈরি এবং বিদ্যমান ওনিডা

কোওয়ার্কস (Oneida CoWorks) স্থান সম্প্রসারিত করা সেখানে নতুন অফিস ও একটি সম্মেলন কক্ষ যোগ করার জন্য।

একটি ডাউনটাউন ব্যবসা সহায়তা তহবিল গঠন - DRI পুরস্কার: 600,000 মার্কিন ডলার
ফ্যাসেড উন্নয়নকাজের এবং অভ্যন্তরীণ উন্নয়নকাজের জন্য, যার মধ্যে থাকবে ভারী সরঞ্জাম ও স্থায়ী স্থাপন, একটি ম্যাচিং তহবিল তৈরি করা। তহবিলটি পরিচালনা করবে ম্যাডিসন কাউন্টি।

একটি ফর্মভিত্তিক জোনিং ওভারলে জেলা স্থাপন - DRI পুরস্কার: 100,000 মার্কিন ডলার
DRI এলাকার জন্য একটি ফর্মভিত্তিক কোড এবং ওভারলে জেলা তৈরি করা যাতে নিশ্চিত করা যায় যে ভবিষ্যতের নির্মাণকাজ শহরের নান্দনিক উদ্দেশ্যের সাথে মানানসই হয়।

জনগণের স্থান ও সুযোগ সুবিধা উন্নত করা

ভেটেরান্স মেমোরিয়াল পার্কের ফ্যাসিলিটিসমূহের হালনাগাদকরণ - DRI পুরস্কার: 1,059,000 মার্কিন ডলার
ভেটেরান্স ফিল্ড ক্যাম্পাসে একটি আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) স্প্ল্যাশপ্যাড এবং একটি পিকলবল কোর্ট স্থাপন করা এবং বাথহাউজ ফ্যাসিলিটির মেরামত/হালনাগাদকরণ বাস্তবায়ন করা। ভেটেরান্স মেমোরিয়াল প্লেফিল্ডে (Veteran's Memorial Playfield) একটি নতুন মেমোরিয়াল স্থান তৈরি করা বিভিন্ন প্রতিরক্ষা বাহিনীর ভেটেরানদের সম্মান জানানোর জন্য।

এরিয়া ইয়ুথ সকার অর্গানাইজেশন (Area Youth Soccer Organization, AYSO) ফুটবল মাঠ গঠন - DRI পুরস্কার: 760,000 মার্কিন ডলার
ডাউনটাউন এলাকায় ক্রীড়াকে উৎসাহিত করতে প্রাক্তন বন্যার সাইটে ফুটবল মাঠ ও পার্কিং স্থান গঠন। ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) ইতিমধ্যে এই সাইটে এইসব ব্যবহার গঠনের অনুমোদন দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "নিউ ইয়র্কের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ পুরো স্টেটজুড়ে ওনিডা সিটির মতো গোছানো, হাঁটার উপযোগী ডাউনটাউন এলাকায় কৌশলী বিনিয়োগ করছে অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু করে দেওয়া এবং বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করার জন্য। ওনিডাকে প্রদত্ত 10 মিলিয়ন মার্কিন ডলার সম্প্রদায়ের নেতৃত্বে এমন প্রকল্পসমূহের অর্থায়ন করবে যা সিটির ক্যানাল লিগেসিকে এবং জাতীয়ভাবে আখ্যাপ্রাপ্ত ঐতিহাসিক জেলাসমূহ তুলে ধরবে হোটেল ওনিডা এবং ডেভোরা ভবনের মতো আইকনিক ও স্বল্প ব্যবহৃত ভবনসমূহকে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করে আবাসন ও জনসমাগমের স্থান প্রদানকারী মিশ্র ব্যবহারের ভবনে পরিণত করার মাধ্যমে। আমি এই প্রকল্পসমূহের সাফল্য এবং কিভাবে তারা সম্প্রদায়কে ইতিবাচকভাবে প্রভাবিত করে তা দেখার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশনের (New York State Canal Corporation) পরিচালক ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ হলো একটি

উজ্জ্বল উদাহরণ যে সম্প্রদায়সমূহ নিজেদের উপর আস্থা রাখলে কী অর্জন করতে পারে, এবং যখন আমরা মহামারীর পর পুনর্গঠন করছি তখন এই কর্মসূচি ওনিডার মতো স্থানে নবায়িত আসার চেতনা নিয়ে আসছে। DRI একটি নজিরবিহীন এবং উদ্ভাবনী 'পরিকল্পনার পর পদক্ষেপ' কৌশলের প্রতিনিধিত্ব করে যেখানে কৌশলী পরিকল্পনা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে যুক্ত হয়ে হাঁটার উপযোগী ডাউনটাউন গঠন করবে যা স্থানীয় অর্থনীতি পুনর্জীবিত করার চাবিকাঠি। আজকে ঘোষিত আটটি ওনিডা প্রকল্প আপস্টেট নিউ ইয়র্কের প্রতি গভর্নর হোকলের প্রশাসনের প্রতিশ্রুতিকে আরো ভালোভাবে প্রদর্শন করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেটের বর্ধিষ্ণু ক্যানাল সিস্টেম ওনিডার প্রারম্ভিক প্রবৃদ্ধিতে ইন্ধন প্রদান করেছে, এবং এই আটটি রূপান্তরকারী DRI প্রকল্প শহরের অর্থনৈতিক স্রোতকে বলীয়ান করতে কাজ করবে। বসবাস, কাজ ও খেলাধুলার স্থানসমূহের পুনঃস্থাপন, তৈরি ও সৌন্দর্যবর্ধন ওনিডার সাফল্যের চাবিকাঠি হবে, এখন এবং ভবিষ্যতেও।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ওনিডার এই আটটি প্রকল্পের মূল উদ্দেশ্য জনগণের সুযোগ সুবিধা, বিনোদনমূলক সুযোগ এবং বাণিজ্যিক ও আবাসিক সংস্থান উন্নত করা। এই প্রকল্পসমূহ ওনিডার সমৃদ্ধ ইতিহাস, দারুণ ওয়াটারফ্রন্ট, এবং হাঁটার উপযোগী ডাউনটাউনের সম্পূরক। ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ আরো সংযোজক পরিবেশ তৈরিতে সাহায্য করবে যা বাসিন্দা ও বাইরে থেকে আসা মানুষের জন্য সমৃদ্ধি ও সুযোগ, এবং শহরের উচ্চাকাঙ্ক্ষী কৌশলী পরিকল্পনা বাস্তব হতে দেখার একটি সুযোগ প্রদান করবে। অভিনন্দন!"

স্টেটের সিনেটর র্যা চেল মে বলেন, "অনিডা সিটি ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ থেকে তহবিল পাওয়ার জন্য নির্বাচিত হয়েছে, এটি একটি আনন্দদায়ক সংবাদ। এই বিনিয়োগ হাঁটার ও বাইসাইকেল চালানোর উপযোগিতা উন্নত করবে চাকরি তৈরি করতে, বাসিন্দাদের ধরে রাখতে, ব্যবসায়িক সুযোগ উন্নত করতে এবং সকলের জন্য জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করবে। এই প্রকল্পগুলি ইতিমধ্যে প্রাণবন্ত ও জড়িত ডাউনটাউন স্থানকে আরো উন্নত করবে। ওনেইডাকে নির্বাচন করার জন্য গভর্নর হোকল এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদকে ধন্যবাদ।"

ওনিডা সিটির মেয়র হেলেন অ্যাকার বলেন, "আমরা ওনিডা DRI-র জন্য অর্থায়িত প্রকল্পসমূহের ঘোষণা নিয়ে অনেক খুশি। আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই ডাউনটাউন ওনিডার ভবিষ্যতে তার বিনিয়োগের জন্য। সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের সম্মিলনে এটি ওনিডার ইতিহাসের সর্ববৃহৎ একক বিনিয়োগ। এটি আমাদের শহরের জন্য সবকিছু বদলে দিবে। এছাড়াও আমি স্থানীয় পরিকল্পনা কমিটি, ওনিডার পরিকল্পনা বিভাগ, স্টেট বিভাগ এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের REDC-কে ধন্যবাদ জানাতে চাই।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)

নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে [এখানে]।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন